মুহিব খান

# আমার গান

(দ্বিতীয় পর্ব)

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, যান্ত্রিক উপায়ে কোনো প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্য সংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন দেশীয় ও ইসলামী আইনী দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

মুহিবখান

# আমার গান

(দ্বিতীয় পর্ব)

প্রকাশনায়

রাহনুমা প্রকাশনী ™

# আমার গান (দ্বিতীয় পর্ব)


| | |
|---|---|
| লেখক | মুহিব খান |
| প্রকাশকাল | অক্টোবর, ২০১৯ |
| সর্বস্বত্ব | লেখক কর্তৃক সংরক্ষিত |
| প্রচ্ছদ পরিকল্পনা | লেখক |
| প্রচ্ছদ ডিজাইন | মুহাম্মাদ মাহমুদুল ইসলাম |
| একমাত্র পরিবেশক | **রাহনুমা প্রকাশনী**<br>ইসলামী টাওয়ার, ৩২/এ আন্ডারগ্রাউন্ড, বাংলাবাজার, ঢাকা।<br>যোগাযোগ : ০১৭৬২-৫৯৩৩৪৯, ০১৯৭২-৫৯৩৩৪৯ |

**মূল্য : ২০০.০০ (দুইশ টাকা মাত্র)**

AMAR GAAN 2nd Issue
by : Muhib Khan, Published by : Rahnuma Prokashoni
Price: Tk. 200.00, US $ 5.00 only.

**ISBN : 978-984-93855-4-7**
E-mail : rahnumaprokashoni@gmail.com
web : www.rahnumabd.com

## অর্পণ

আরসালান খান

আফরিদা খানম

আমার দুই নয়নের মণি

# লেখকের কথা

আমার গান (দ্বিতীয় পর্ব)। আমার সংগীত সংকলনের দ্বিতীয় বই। এর আগে প্রকাশিত প্রথম বইটিতে ১৯৯৮ থেকে ২০০৮ পর্যন্ত আমার লেখা ও গাওয়া সংগীতগুলো প্রকাশিত এলবামের ক্রমানুসারে ছাপা হয়ে পাঠকের হাতে পৌঁছেছে।

একবিংশ শতাব্দীর উষালগ্নে দেশ, জাতি, মানবতা, মুসলিম উম্মাহ ও বিশ্বপরিস্থিতির ব্যাপক পটপরিবর্তন ও উত্থান পতনের ঐতিহাসিক-কালে প্রকাশিত জাতি জাগানিয়া সে এলবামগুলোর নাম ছিলো- সীমান্ত খুলে দাও, দিনবদলের দিন এসেছে, ইঞ্চি ইঞ্চি মাটি এবং ইয়ে মেরা ওয়াতান।

এরপর ২০০৮ থেকে ২০১৮ পর্যন্ত লেখা ও গাওয়া সংগীতগুলো নিয়ে এবার প্রকাশিত হলো এই দ্বিতীয় পর্বটি। এ বইয়ে স্থান পেয়েছে দেশ ও বহির্বিশ্বে তুমুল আলোড়ন জাগানো- আবার যুদ্ধ হবে ও নতুন ইশতেহার আসছে এলবামের গানগুলোসহ বিশ্বনন্দিত অনবদ্য সীরাত এলবাম 'দাস্তান-ই মুহাম্মাদ সা.' এবং পরবর্তিতে নানা প্রেক্ষাপট ও প্রসঙ্গে প্রকাশিত আরও কিছু স্বতন্ত্র সংগীত।

চিন্তা চেতনা আদর্শ আবেগ ও বাস্তবতার নিরিখে লেখা এসব গান আমার নিজের করা সুরে ও নিজ কণ্ঠের গায়কীতে সংগীতের পূর্ণতা পেয়েছে। দেশ জাতি সময় ও সমাজকে কখনও আবেগ-আকাঙ্ক্ষায়, কখনও চিন্তা-

চেতনায়, কখনও সাহস-উদ্দীপনায় আলোড়িত ও আন্দোলিত করতে পেরেছে।

আমাকে এনে দিয়েছে দেশ ও বিশ্বের সত্যপন্থী কোটি মানুষের ভালোবাসা। দাঁড় করিয়েছে অসৎ, অন্যায়কারী, অত্যাচারী, কায়েমী স্বার্থবাদী, আধিপত্যবাদী, সাম্রাজ্যবাদী শক্তির ক্রোধ ও প্রতিহিংসার তোপের মুখে। একজন কবি হিসেবে আমার কিছুটা সার্থকতা আমি এখানেই খুঁজে পাই।

বইটির সংকলন ও প্রকাশের প্রতিটি ধাপে সংশ্লিষ্ট সবাইকে আমার দোয়া ও কৃতজ্ঞতা।

**মুহিব খান**
বাগিচা প্যালেস
যাত্রাবাড়ি, ঢাকা
সেপ্টেম্বর, ২০১৯

# সূচিপত্র

আবার যুদ্ধ হবে—১৩
সবাই মিলাও হাতে হাত—১৭
লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক—২১
ইসলাম থাকবেই—২৩
তালাআল বাদরু আলাইনা—২৬
জিহাদ মানে সংগ্রাম—২৮
মানবতা মহীয়ান—৩১
কুরবানী কুরবান—৩৩
বাংলা তোমার ঘর—৩৪
বাংলাদেশের উলামায়ে ইসলাম—৩৬
সুন্দর পৃথিবীর জন্য—৩৮
বালাগাল উলা বিকামালিহি—৩৯

■

এটা বাংলাদেশ—৪১
নতুন ইশতেহার আসছে—৪৬
কেন মানুষ মারো!—৫১
জনতার খোলা চিঠি—৫৪
কেন?—২-৫৮
দুনিয়ার মুসলিম এক হও—৬৫
আবার জেগে ওঠো—৭১

আলেম—৭৩
আগুন জ্বালো—৭৬
বাঙালি মুসলমান—৭৯

■

দাস্তান-ই-মুহাম্মাদ (সা.)—৮২

■

বন্ধু গো আরাকান!—৯৬
জঙ্গি—৯৮
নাস্তিক—১০১
তোলো তাকবীর—১০৬
বাঁচাও বাংলাদেশ!—১০৮
জাগবে আরাকান—১১২
পৃথিবীর পথে পথে—১১৪
হারিয়ে যাওয়া পাখি—১১৭
একাকী কবরে—১১৮

# আমার গান

মুহিব খান

## আবার যুদ্ধ হবে

যদি আমার দেশের সীমানা বন্ধু
মুছে দিতে কেউ চায়
যদি আমার মাটির ধন-সম্পদ
লুটে নিতে কেউ চায়

যাদি আমার সাগরে আমার পাহাড়ে
ফেরায় লোভের চোখ
আমি প্রতিবাদে জ্বলে উঠবোই তবে
যা হবার তাই হোক।

এই শান্ত সবুজ পতাকায় যদি
পড়ে শকুনের থাবা
এই সুপ্ত-বারুদ জাতি নিয়ে ফের
খেলে যদি কেউ দাবা

কোটি মানুষের প্রাণের কুটিরে
আগ্রাসনের হাত যদি কেউ বাড়ায় তবে—

আবার যুদ্ধ হবে...
আবার যুদ্ধ হবে...

[*চল্ চল্ চল্...*
*উর্ধ্ব-গগনে বাজে মাদল*
*নিম্নে উতলা ধরণীতল*
*অরুণ প্রাতের তরুণদল,*
*চল্রে চল্রে চল্...*]

যদি ষড়যন্ত্রের জাল ফেলে কেউ
আমার দেশকে ঘিরে
রেসকোর্সের তপ্ত ভাষণ
আবার আসবে ফিরে

দুশমন যদি খড়গ চালায়
নকল বন্ধু সেজে
কালুরঘাটের দীপ্ত ঘোষণা
আবার উঠবে বেজে

সেই স্বাধীন বাংলা বেতারকেন্দ্র
আবার গর্জে উঠবে
আর বাংলা মাটির সূর্যসেনারা
রাইফেল হাতে ছুটবে

হোক ন'মাস কিবা ন'বছর
জাতি জীবন-মরণ লড়াই করেই মুক্ত রবে—

আবার যুদ্ধ হবে...
আবার যুদ্ধ হবে...

[*দুর্গম গিরি কান্তার মরু*
*দুস্তর পারাবার!*
*লঙ্ঘিতে হবে রাত্রি নিশিথে*
*যাত্রীরা হুশিয়ার!*]

যদি ইট পাথরের দুর্গ-দেয়াল
ভেঙ্গে ভেঙ্গে যায় পড়ে
শহীদ তিতুর বাঁশের কেল্লা
আবার তুলবো গড়ে

যদি রক্তের নদী পেরিয়ে আবার
নতুন রক্ত ঝরে
সেই ভাঙ্গা কেল্লায় উড়াবো নিশান
আবার নতুন করে

এই মুসলমানের অভয়ারণ্যে
কাউকে দেবো না ঢুকতে
মোরা পাথরের নয়; পাঁজরের বাঁধ
গড়বো তাদের রুখতে

কোনো তাঁবেদার, কোনো গাদ্দার যদি
মীরজাফরের সেই কালো পথ মাড়ায় তবে—

আবার যুদ্ধ হবে...
আবার যুদ্ধ হবে...

[*বাজিছে দামামা বাঁধরে আমামা*
*শির উঁচু করি মুসলমান*
*দাওয়াত এসেছে নয়া জামানার*
*ভাঙ্গা কেল্লায় ওড়ে নিশান*]

মোরা পৃথিবীর কোনো পরাশক্তির
মানি না খবরদারি
কোনো শৃঙ্খল, কোনো অবরোধ
কোনো হুমকি বা হুঁশিয়ারি

এই পৃথিবীর বুকে বন্ধু সবাই
প্রভু নয় কেউ কারো
দখল, শোষণ, উৎপীড়নের
সব পাঁয়তারা ছাড়ো।

মোদের ইতিহাস আছে, সম্মান আছে
না থাক বস্ত্র-অন্ন
এই দেশের জন্য লড়েছি আমরা
মরেছি ভাষার জন্য

যদি জল-স্থল কিবা অন্তরীক্ষে
কেউ আমাদের বাধার শিকল পড়ায় তবে–

আবার যুদ্ধ হবে...
আবার যুদ্ধ হবে...

[*কারার ঐ লৌহ কপাট*
*ভেঙ্গে ফেল কররে লোপাট*
*রক্তজমাট শিকল পূজোর পাষাণ বেদি*
*ওরে ও তরুণ ঈশান*
*বাজা তোর প্রলয় বিষাণ*
*ধ্বংস নিশান উঠুক প্রাচীর প্রাচীর ভেদি*]